

তারিখ: ২৩ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
০৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

ডিগ্রি (পাস) উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অধ্যয়নরত (ডিগ্রি ১ম বর্ষ) নিয়মিত শিক্ষার্থীদের জানাচ্ছি যে, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ০২.০৫.২০২৪ তারিখের উপবৃত্তির বিজ্ঞপ্তি অনুযায়ী দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষে সরকারি ব্রজলাল কলেজ, খুলনার ডিগ্রি (পাস) কোর্সের নিয়মিত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির জন্য সংযুক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী ওয়েবসাইটের লিংকে প্রবেশ করে আবেদন করতে বলা হলো।

শর্তাবলী:

- উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <http://estipend.pmeat.gov.bd> লিংক-এ প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে।
- অনলাইনে নিবন্ধনের জন্য শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন, কলেজ পরিচয়পত্র, এইচএসসি ও ডিগ্রি (পাস) কোর্সের রেজিস্ট্রেশন কার্ড এবং প্রবেশপত্রের কপি।
- উপবৃত্তির অর্থ তফসিলীভুক্ত যে কোনো অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- আগামী ০৮.০৫.২০২৪ হতে ২৩.০৫.২০২৪ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত অনলাইন নিবন্ধন কার্যক্রম চলবে।
- নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বর্ণিত ওয়েবসাইটে ব্যবহার নির্দেশিকায় পাওয়া যাবে।
- নিয়মিত শিক্ষার্থী হিসেবে শ্রেণি কক্ষে (ক্লাস) কমপক্ষে ৭০% উপস্থিত থাকতে হবে।
- শিক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রকাশিত ফলাফলের শতকরা নূন্যতম ৬০ ভাগ নম্বর প্রাপ্ত/ জিপিএ ৫:০০ স্কেলে ৩.৭৫/সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ প্রাপ্ত হতে হবে।
- উপবৃত্তির প্রাপ্তির জন্য শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় মোট ২,০০,০০০/- টাকার কম হতে হবে।

০৬/৫/২০২৪
(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা